# রুম দখল নিয়ে বদরুন্নেসা মাহিলা কলেজে সংঘর্ষ

## আহত ১০ ছাত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

ছাত্রীদের আবাসিক হলের রুম দখলকে কেন্দ্র করে রাজধানীর বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজে এক সংঘর্ষের ঘটনা ঘটেছে বলে জানা যায়। এতে ১০ শিক্ষার্থী আহত হয়েছেন। গতকাল রাত ৮টার দিকে এ সংঘর্ষের ঘটনা ঘটে। পরে আহত অবস্থায় তাদের উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে যাওয়া হয়। আহতরা হলেন, তামান্না (২২), শ্রাবণী (২২), সেলিনা আক্তার শেলী (২৩), ঋতু আক্তার (২৩), নিয়া আক্তার (২০), মিতু (২০), রিমা আফরিন (২২), খাদিজা ইসলাম (২৫), শেলী (২০) ও নুসরাত জাহান বাঁধন (২২)। এ বিষয়ে শিক্ষার্থীদের সঙ্গে কথা বলার চেষ্টা করা হলেও তারা কোন মন্তব্য করতে রাজি হননি।

ঢামেক হাসপাতালের পুলিশ ক্যাম্পের ইনচার্জ পরিদর্শক মো. বাচ্চু মিয়া সাংবাদিকদের বলেন, বদরুন্নেসা কলেজ থেকে আহত ১০ শিক্ষার্থীকে ঢামেক হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে আসা হয়েছে। তবে তারা কিভাবে আহত হয়েছেন সে বিষয়ে

➤ পৃষ্ঠা ১১ : ক : ১

# রুম দখল

(১ম পৃষ্ঠার পর)

কোন মন্তব্য করতে রাজি হননি।

কলেজের হল সূত্রে জানা যায়, গত শুক্রবার রাতে বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি সেলিনা আক্তার শেলী দলবল নিয়ে কয়েকটি কক্ষে তালা দেন। এরপর নুসরাত জাহান বাঁধন নামের এক শিক্ষার্থীর কক্ষে গিয়ে তিনি কয়েকজনকে নিয়ে হামলা করেন।

জানা গেছে, মূলত সাধারণ সম্পাদক হাবিবা আক্তার সাইমুনের অনুপস্থিতিতে পদ পাওয়ার পর থেকেই নতুন হল ও হলের রুম নিজের দখলে নেয়ার চেষ্টা এবং সিটের জন্য চাঁদা দাবি করে আসছিলেন শেলী। মূলত এর জেরে সংঘর্ষের সূত্রপাত ঘটে।